বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৭.০১৯.২০-৩৭৩

তারিখ: ১৮ ভাদ্র ১৪২৮
০২ সেপ্টেম্বর ২০২১

**বিষয় : কয়েকটি সিটি কর্পোরেশনের সাধারণ আসনের কাউন্সিলরের শূন্য পদে উপনির্বাচন অনুষ্ঠান**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, এতদসংগে সংযুক্ত তালিকায় বর্ণিত সিটি কর্পোরেশনের কাউন্সিলরের শূন্য পদে ইভিএম এর মাধ্যমে সর্বশেষ হালনাগাদকৃত ভোটার তালিকায় **০৭ অক্টোবর ২০২১** তারিখে ভোটগ্রহণের দিন (ভোটগ্রহণের সময়: সকাল ৮.০০ থেকে বিকাল ৪.০০ ঘটিকা) নির্ধারণকরত উপনির্বাচন সম্পন্ন করার জন্য মাননীয় নির্বাচন কমিশন সিদ্ধান্ত প্রদান করেছেন (পরিশিষ্ট-ক)।

২। উল্লিখিত কাউন্সিলরের শূন্য পদে উপনির্বাচন পরিচালনার জন্য সংশ্লিষ্ট সিনিয়র জেলা নির্বাচন অফিসার ও অতিরিক্ত আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহীকে রিটার্নিং অফিসার এবং সংশ্লিষ্ট থানা নির্বাচন অফিসারকে সহকারি রিটার্নিং অফিসার হিসাবে নিয়োগ করা হয়েছে (পরিশিষ্ট-খ)। তাছাড়া মনোনয়নপত্র বাছাইয়ের সিদ্ধান্তের বিরুদ্ধে দায়েরকৃত আপিল নিষ্পত্তি করার জন্য ইতঃপূর্বে অনুষ্ঠিত সিটি কর্পোরেশনের সাধারণ নির্বাচন উপলক্ষে জারীকৃত আপিল কর্তৃপক্ষ নিয়োগের প্রজ্ঞাপন অনুযায়ী সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনারকে আপিল কর্তৃপক্ষ হিসেবে বহাল রাখার বিষয়েও সিদ্ধান্ত প্রদান করা হয়েছে।

৩। সিটি কর্পোরেশনের উল্লিখিত শূন্য পদে নির্বাচন অনুষ্ঠানের জন্য নিম্নরূপ কার্যক্রম গ্রহণ করতে হবে-

(ক) স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) নির্বাচন বিধিমালা, ২০১০ এর ১০(৩) বিধি অনুযায়ী সময়সূচির বিজ্ঞপ্তি জারি এবং বিজ্ঞপ্তিতে ইভিএম এর মাধ্যমে নির্বাচনের বিষয়টি উল্লেখ করে স্থানীয়ভাবে প্রচার করা;

(খ) ভোটগ্রহণের পূর্বের দিন ইভিএমসহ নির্বাচনি মালামাল ভোটকেন্দ্রে যথাযথভাবে পৌছানো সংক্রান্ত পরিস্থিতি প্রতিবেদন;

(গ) ভোটগ্রহণ শুরু সংক্রান্ত প্রতিবেদন ও ৮.০০টা হতে ভোটগ্রহণ সমাপ্ত না হওয়া পর্যন্ত প্রতি ০২ (দুই) ঘণ্টা অন্তর অন্তর এবং ভোটগ্রহণ শেষ হওয়ার পর ০১টি পরিস্থিতি প্রতিবেদন;

(ঘ) ভোটগ্রহণের দিন পরিস্থিতি প্রতিবেদন সংগ্রহ ও নির্বাচন কমিশনে প্রেরণ এবং প্রাথমিক ফলাফল বার্তা শিটের মাধ্যমে প্রেরণ; এবং

(ঙ) সিটি কর্পোরেশন সাধারণ নির্বাচন উপলক্ষে ইতঃপূর্বে জারীকৃত আদেশ-নির্দেশ, পরিপত্রের নির্দেশনা এবং আইন ও বিধি মোতাবেক প্রাসঙ্গিক কার্যক্রম গ্রহণ;

৪। বর্ণিতাবস্থায়, মাননীয় নির্বাচন কমিশনের উপরোল্লিখিত সিদ্ধান্ত অনুসারে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২/৯/২০২১

( মোঃ আতিয়ার রহমান )
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোনঃ ০২-৫৫০০৭৫২৫
E-mail: sasemc1@gmail.com

১। সিনিয়র জেলা নির্বাচন অফিসার .................. (সংশ্লিষ্ট) ও রিটার্নিং অফিসার, ........................... উপনির্বাচন
২। অতিরিক্ত আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী অঞ্চল, রাজশাহী ও রিটার্নিং অফিসার

E:\২০২০-২০২১\Commission Meeting\৮৫th Commisssion Meeting\Order Sheet\By election City RO & Schedule.doc

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৭.০১৯.২০-৩৭৩

তারিখ: ১৮ ভাদ্র ১৪২৮ / ০২ সেপ্টেম্বর ২০২১

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৪. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
৫. সিনিয়র সচিব/সচিব...............................................(সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/ বিভাগ
৬. মহাপরিচালক, বিজিবি/কোস্টগার্ড/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশান ব্যাটালিয়ন (র‍্যাব), ঢাকা
৭. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৮. বিভাগীয় কমিশনার, ......................................(সংশ্লিষ্ট) বিভাগ ও আপিল কর্তৃপক্ষ
৯. পুলিশ কমিশনার, ......................................(সংশ্লিষ্ট) মেট্রোপলিটন পুলিশ
১০. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১১. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১২. প্রকল্প পরিচালক, ইভিএম প্রকল্প, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৩. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশ ও প্রাসঙ্গিক অন্যান্য কার্যক্রম গ্রহণের অনুরোধসহ]
১৪. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [সংবাদ মাধ্যমকে অবহিতকরণ ও প্রাসঙ্গিক অন্যান্য কার্যক্রম গ্রহণের অনুরোধসহ]
১৫. জেলা প্রশাসক, ....................................(সংশ্লিষ্ট)
১৬. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ..........................(সংশ্লিষ্ট)
১৭. পুলিশ সুপার, ......................................(সংশ্লিষ্ট)
১৮. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৯. সিনিয়র জেলা নির্বাচন অফিসার, ..........................(সংশ্লিষ্ট)
২০. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ......................................(সংশ্লিষ্ট)
২১. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২২. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ..................................................., এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৪. থানা নির্বাচন অফিসার, ......................................(সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
২৫. ভারপ্রাপ্ত কর্মকর্তা.....................................(সংশ্লিষ্ট) থানা।

02/9/2021

( মোহাম্মদ মোরশেদ আলম )
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-০১ শাখা
ফোন- ৫৫০০৭৬১০

পরিশিষ্ট-ক

# কয়েকটি সিটি কর্পোরেশনের শূন্য পদে উপনির্বাচন

| ক্রম | নির্বাচনের নাম | মন্তব্য |
|---|---|---|
| ১ | ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ৭৩নং সাধারণ ওয়ার্ড কাউন্সিলর | ইভিএম এর মাধ্যমে নির্বাচন আয়োজন |
| ২ | ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ২২নং সাধারণ ওয়ার্ড কাউন্সিলর | |
| ৩ | চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ১৬নং সাধারণ ওয়ার্ড কাউন্সিলর | |
| ৪ | বরিশাল সিটি কর্পোরেশনের ২৮নং সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর | |
| ৫ | রাজশাহী সিটি কর্পোরেশনের ৯নং সাধারণ ওয়ার্ড কাউন্সিলর | |